

একই নম্বর ও তারিখে স্থালাভিষিক্ত হবে
আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের দরপত্র

স্মারক নং- ডিএনএস/ডিপিপি/বাজেট-২০১৬ ১০৭ (ক)

তারিখ: ১৬/০৩/২০১৭ খ্রিঃ

প্রকল্পের নামঃ Establishment of National Institute of Advance Practice Nurses in Bangladesh (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন)

ক্রমিক নং	নাম ও গ্রেড	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	গাড়ী চালক-১৬	১ (এক)	জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনার অভিজ্ঞতা।
২	অফিস সহায়ক-২০	১ (এক)	মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩	নিরাপত্তা প্রহরী-২০	১ (এক)	জুনিয়র স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

অভিজ্ঞতা সম্পন্ন জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এর নিকট বর্ণিত সংখ্যা ও যোগ্যতার আলোকে আগামী ১৫/০৪/২১৭ তারিখের মধ্যে সকল কাগজপত্রসহ প্রকল্প পরিচালক বরাবরে (ডবন নং-৩, কক্ষ নং-৩২০, বাংলাদেশ সচিবালয়) নিম্নস্ব প্যাডে প্রস্তাব আহ্বান করা হচ্ছে।

শর্তাবলীঃ

- ১। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- ২। নিয়োজিত জনবল বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হবে এবং আউটসোর্সিং এর ক্ষেত্রে সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে।
- ৩। জাতীয় বেতনস্কেল-২০১৫ আলোকে নির্ধারিত হবে।
- ৪। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন ২০১৫-১৬ অর্থ বছরের আয়কর প্রদান ও কর সনাক্তকরণ নম্বর থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার স্বপক্ষে কমপক্ষে ০২ (দুই)টি সরকারি অফিসে জনবল সরবরাহের প্রশাংক দাখিল করতে হবে।
- ৫। নিয়োজিত কর্মচারীকে ছুটির দিনে বা স্ত্রীসহ অফিস সময়ের পরও দায়িত্ব পালন করতে হবে।
- ৬। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে সরকারি কোন সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়িত্ব বহন করতে হবে।
- ৭। সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিল হতে প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- ৮। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০২ মাসের নোটিস দিয়ে বাতিল করতে পারবে।
- ৯। নিয়োজিত কর্মচারীকে শারীরিকভাবে সুস্থতার উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ১০। ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদনের পরেই জনবল সরবরাহ করতে হবে।
- ১১। নিয়োজিত কর্মচারীর প্রতিস্থাপন প্রয়োজন হলে সরবরাহকারী প্রতিষ্ঠান প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে। তবে কোন জনবল কাজ করে দক্ষতা অর্জন করলে তাকে প্রতিস্থাপন এর ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।
- ১২। প্রস্তাব যাচাইয়ে যাদের প্রস্তাব বিবেচিত হবে, কেবলমাত্র তাদের প্রার্থীদের ইন্টারভিউ এর জন্য ডাকা হবে। ইন্টারভিউ এ কোন প্রার্থী অকৃতকার্য হলে বিকল্প উপযুক্ত প্রার্থী সরবরাহ করতে হবে। ইন্টারভিউয়ের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ইন্টারভিউ এ অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএডিএ প্রদান করা হবে না।
- ১৩। প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে প্রকল্প পরিচালকের নির্দেশ ও চাহিদামত যখন যেখানে প্রয়োজন সেখানে দায়িত্ব পালন করতে হবে।
- ১৪। সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরণের ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।
- ১৫। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকারের আউট সোর্সিং নীতিমালা/২০০৮ এবং এই নীতিমালার সময় সময়ে জারীকৃত সংশোধন পরিপত্র অনুসরণ করতে হবে।
- ১৬। প্রকল্প মেয়াদ ৩০/০৬/২০১৮ পর্যন্ত এবং চাকুরি প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছর। মুক্তিযোদ্ধা কোটায় বয়সসীমা ১৮-৩২ বছর।
- ১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোহাম্মদ এনামুল হক এনা)

প্রকল্প পরিচালক

Establishment of National Institute of Advance
Practice Nurses in Bangladesh

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ফোন-৯৫৬৭৬০০

অনুলিপিঃ

- ১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।